

বাংলাদেশ মাদ্রাসাশিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-১৬/৬৮

তারিখ:

০৪ ফাল্গুন ১৪৩২

১৭ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

- ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬/১৮৮; তারিখ: ০২/১২/২০২৫ খ্রি.
- ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৩.৬৪৪৭.০০০.১১.০০৪.২৫-১৮২; তারিখ: ০৮/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন কালিকাপুর আলিম মাদ্রাসার (ইআইআইএন-১২৩২৮৫) অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে জনাব মাহফুজুর রহমান একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ কে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গভানিং বডি'র ০৬ জন সদস্য পদত্যাগ ও আইন শৃংখলা অবনতির আশংকায় কোন সভা অনুষ্ঠিত না হওয়ায় বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে গভানিং বডি ভেঙ্গে দেয়া যেতে পারে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে অভিযোগ প্রমাণিত হওয়ায় গভানিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র জারির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১। সভাপতি

কালিকাপুর আলিম মাদ্রাসা

ডাকঘর: চক কালিকাপুর, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ

২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

কালিকাপুর আলিম মাদ্রাসা

ডাকঘর: চক কালিকাপুর, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ।



১৭.২.২৬

প্রফেসর হালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-১৬/৬৮/২


তারিখ:

০৪ ফাল্গুন ১৪৩২

১৭ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নওগাঁ;
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁ;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।



মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd